



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়

GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ফোন : ৭১২৬২৮

রুক-আই, হালিশহর হাটজিং এষ্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। ইমেইল-gnhsc@yahoo.com, EINN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬

স্থাপিত : ১৯৮০ ইং



তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

“বিজ্ঞপ্তি”

বিষয়: বিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক ভবনসমূহে নতুন সিসিটিভি ক্যামেরা স্থাপন ও পুরাতন সিসিটিভি ক্যামেরাসমূহ মেরামত কার্যক্রমের জন্য অভিজ্ঞ, স্বনামধন্য ও যোগ্য কোম্পানি/প্রতিষ্ঠানসমূহের নিকট হতে দরপত্র (কোটেসন) আহ্বান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.২৭ ও ২৯ মার্চ ২০২৬ বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভার রেজুলেশন নম্বর: ১৩৮/২০২৬ ও তারিখ: ৩১ মার্চ, ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রেরিত পত্রের নির্দেশনা অনুসারে বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভার ৫নং আলোচ্যসূচির সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ-বিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিতকরণ, সার্বিক শৃঙ্খলা বজায় রাখা ও আসন্ন এসএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার নিমিত্তে পরীক্ষার হলসমূহে সিসিটিভি ক্যামেরা স্থাপন করার জন্য ৬০ টি (ষাট) নতুন সিসিটিভি ক্যামেরা স্থাপন, বিদ্যমান পুরাতন সিসিটিভি ক্যামেরাসমূহ মেরামত/সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত কাজ সম্পাদনের জন্য অভিজ্ঞ, স্বনামধন্য ও যোগ্য কোম্পানি/প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সিলগালা দরপত্র (কোটেসন) আহ্বান করা হলো।

কাজের বিবরণ:-

- উন্নতমানের স্বনামধন্য ব্র্যান্ডের নতুন সিসিটিভি আইপি ক্যামেরা সরবরাহ ও স্থাপন; ইনডোর (শ্রেণিকক্ষে) High Quality 2.0MP ও আউটডোরে 5.0MP (Night Vision সহ) আইপি ক্যামেরা সরবরাহ করতে হবে;
- পুরাতন সিসিটিভি ক্যামেরাসমূহ পর্যবেক্ষণ করে সমস্যা চিহ্নিতকরণ, মেরামত ও সচলকরণ;
- প্রয়োজনীয় যন্ত্রপাতি (আধুনিক প্রযুক্তির ডিভিআর/এনভিআর, পর্যাপ্ত হার্ডডিস্ক, উন্নতমানের টেকসই ক্যাবল, স্বনামধন্য ব্র্যান্ডের মনিটর ও ইউপিএস ইত্যাদি) সরবরাহ ও ইনস্টলেশন;
- সম্পূর্ণ সিস্টেম চালু ও পরীক্ষণ।

দরপত্র (কোটেসন) দাখিলের শর্তাবলী:-

- আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত প্যাডে দরপত্র (কোটেসন) দাখিল করতে হবে;
- দরপত্রে ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট মূল্য পৃথকভাবে উল্লেখ করতে হবে এবং কোন প্রকার চার্জ গুপ্ত রাখা যাবে না;
- প্রতিষ্ঠানটির হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ ও ভ্যাট নিবন্ধন সনদের অনুলিপি সংযুক্ত করতে হবে;
- পূর্ব অভিজ্ঞতার প্রমাণপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে;
- কোটেসন সিলগালা খামে “সিসিটিভি স্থাপন ও মেরামত সংক্রান্ত কোটেসন” উল্লেখপূর্বক দাখিল করতে হবে;

- কোটেসন দাখিলের শেষ তারিখ ও সময়: ০৫/০৪/২০২৬ খ্রি. বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত
- কোটেসন দাখিলের স্থান: প্রধান শিক্ষক-এর কার্যালয় (প্রশাসনিক ভবন)

০২। উল্লেখ্য, কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতীত যেকোনো কোটেসন বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

এম.এ মমেন
সহকারী প্রধান শিক্ষক
ও
আহ্বায়ক

সিসিটিভি ক্যামেরা স্থাপন ও মেরামত উপকমিটি

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।
gnhsc@yahoo.com